



স্মারক নং : পনি/উমা/বিজ্ঞপ্তি/১০৫

তারিখ : ২৮-০৬-২০২১ খ্রি.

বিষয় : এইচএসসি পরীক্ষা -২০২০ এর পরীক্ষার্থীদের পরীক্ষার ফিস ফেরত প্রদান সংক্রান্ত

সূত্র : আস্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটির ১৩-১২-২০২০ তারিখের আশিবোপনিউক/২০০৯/১৬৪ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতায় এইচএসসি পরীক্ষার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর কারণে ২০২০ সালের এইচএসসি পরীক্ষা গ্রহণ করা সম্ভব না হওয়ায় ২০২০ সালের এইচএসসি পরীক্ষার অব্যয়িত কেন্দ্র ফি ও বোর্ড ফি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ফেরত প্রদান করা হয়েছে। পরীক্ষার্থীদের প্রাপ্য ও শিক্ষা প্রতিষ্ঠান এবং কেন্দ্রের প্রাপ্য নিম্নে উল্লেখ করা হলো :


- (ক) বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত : ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিলো তাদের প্রবেশ পত্রে উল্লিখিত প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তৃতীয়) ৩০.০০ (ত্রিশ) টাকা করে এবং ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আরও ১০.০০ (দশ) টাকা করে ফেরত প্রদান করা হলো।
- (খ) কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত : ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিলো তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত) টাকা করে এবং আইসিটি বিষয়ের পরীক্ষার্থীদের ক্ষেত্রে অতিরিক্ত আরও ২৫.০০ (পঁচিশ) টাকা করে ফেরত প্রদান করবেন। এছাড়াও প্রবেশপত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আরও ৪৫.০০ (পঁতাল্লিশ) টাকা করে ফেরত প্রদান করবে।
- (গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রাপ্য : সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ১০% এবং আইসিটি ব্যবহারিক বিষয়ের জন্য আদায়কৃত ফি থেকে পরীক্ষার্থী প্রতি ২০.০০ (বিশ) টাকা ফরম পূরণ ও আনুষঙ্গিক কাজের ব্যয় নির্বাহ করবে।
- (ঘ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান : ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষার্থী প্রতি সংশ্লিষ্ট কেন্দ্রকে ১৬০.০০ (একশত ষাট) টাকা হারে প্রদান করবে। কেন্দ্র উক্ত অর্থ পরীক্ষার গোপনীয় কাগজ পরিবহন ও বোর্ডে জমাদান, সংরক্ষণ এবং প্রশাসনিক ব্যয় নির্বাহ করবে।

নিম্নোক্ত পদ্ধতিতে প্রতিটি প্রতিষ্ঠান পরীক্ষার্থীর অর্থ ফেরত প্রদানের তথ্য সংগ্রহ করতে পারবেন :

- যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করুন।
- বামপাশের Our Services থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
- প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
- বামপাশের মেন্যুবার থেকে HSC 2020 Fees Return মেন্যুতে ক্লিক করুন।

বিঃ দ্রঃ এইচএসসি পরীক্ষা-২০২০ এর প্রতি পরীক্ষার্থী কত টাকা ফেরত পাবে সে বিষয়ে বোর্ড হতে তাদের/অভিভাবকের মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা

এ বোর্ডের আওতায় সকল

এইচএসসি পরীক্ষা কেন্দ্র -২০২০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। উপ-পরিচালক (হিওনি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। অফিস কপি